কৃষিই সমৃদ্ধি

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**
**কৃষি বিপণন অধিদপ্তর**
**খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.dam.gov.bd

স্মারক নং- ১২.০২.০০০০.০০২.১১.২৯১.১২.২০২

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের ১৪/০২/২০২১ তারিখের ১২.০০.০০০০.০৫৩.১১.০০৬.২১.১০৯ নং পত্রের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-এর শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে ***http://dam.teletalk.com.bd*** ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২ | (৩) | (৪) | (৫) |
| ০১. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>স্কেলঃ ১১,০০০-২৬,৫৯০/- | ৩টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সাঁটলিপিতে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ থাকতে হবে;<br>(গ)Word Proccessing/Data Entry/Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। | ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, লালমনিরহাট, যশোর, বাগেরহাট, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।<br><br>তবে এতিম এবং প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০২. | হিসাব রক্ষক<br>গ্রেড-১৪<br>স্কেলঃ ১০,২০০-২৪,৬৮০/- | ৫টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে।;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ০৩. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>স্কেলঃ ১০,২০০-২৪,৬৮০/- | ৩টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সাঁটলিপিতে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ থাকতে হবে।;<br>(গ)Word Proccessing/Data Entry/Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। | |
| ০৪. | গাড়ী চালক (ভারী)<br>গ্রেড-১৫<br>স্কেলঃ ৯,৭০০-২৩,৪৯০/- | ১টি | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী যানবাহন চালনায় পারদর্শী হতে হবে। | |
| ০৫. | গাড়ী চালক (হালকা)<br>গ্রেড-১৬<br>স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/- | ২টি | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা যানবাহন চালনায় পারদর্শী হতে হবে। | |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবেঃ

০১. ০১/০৩/২০২১খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

০৩. অনলাইনে আবেদন করতে হবে। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৪. জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা বিধি অনুযায়ী অনুসরণ করা হবে।

০৫. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত রয়েছে অনলাইনে আবেদন ফরম এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

০৬. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি *http://dam.teletalk.com.bd* এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৪/০৩/২০২১ খ্রিঃ সকাল- ১০:০০ টা।

(ii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৫/০৩/২০২১ খ্রিঃ বিকালঃ ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online- এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid SIM নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

*প্রথম SMS:* ***DAM***<*space*>***User ID*** *লিখে Send করতে হবে 16222 নম্বরে।*

***Example: DAM ABCEF***

*Reply: Applicant's Name, Tk-112/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DAM<Space>Yes<Space>PIN and send to 16222.*

*দ্বিতীয় SMS:* ***DAM***<*Space*>***Yes***<*Space*>***PIN*** *লিখে Send করতে হবে 16222 নম্বরে।*

***Example: DAM YES 12345678***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully forDAM application for post xxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxx).*

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি ***http://dam.teletalk.com.bd*** **ওয়েবসাইটে অথবা কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইট** www.dam.portal.gov.bd **এ এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS **-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।** Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

(ছ) SMS–এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক (সম্ভব হলে রঙ্গিণ) Print করে নিতে হবে। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

(ছ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **DAM**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** Send to 16222.
Example **DAM HELP USER ABCDEF** & send to 16222

(ii) PIN Number জানা থাকলে DAM<Space>Help<Space>PIN<Space>PIN No & Send to 16222.
Example: **DAM HELP USER ABCDEF** & Send to 16222

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা ammasumaiscu@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail এর subject-এ Organization Name: DAM Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

০৭. **প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ১-৭ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

০২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউনসিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

০৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

০৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

০৫. উল্লিখিত পদের ক্রমিক নং ০৪ ও ০৫ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

০৬. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

০৭. Online-এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (Applicantion's copy)।

০৮. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য **www.dam.portal.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৯. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বরে গণ্য হবে।

১০. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তাও নির্দেশনা মতো অনুসরণ করা হবে।

১১. কোনো প্রকার কারণ উল্লেখ ব্যতিরেকে কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি.বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৮/২/২০২২

(মোঃদীন ইসলাম)
পরিচালক (প্রশাসন ও হিসাব)
ও
সদস্য-সচিব
বাছাই/নির্বাচন কমিটি
কৃষি বিপণন অধিদপ্তর
ফোনঃ ০২৫৫০২৮২৫৮।